ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১২৯৮

কমলপুর,২১ সেপ্টেম্বর,২০২৪

**দুর্গাপূজা : কমলপুর মহকুমা শাসক কার্যালয়ে সভা অনুষ্ঠিত**

শারদ উৎসব সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে আজ কমলপুর মহকুমা শাসক কার্যালয়ের সভাকক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমলপুর মহকুমার মহকুমা শাসক ডা. জি শরথ নায়ক। সভায় উপস্থিত ছিলেন দুর্গাচৌমুহনি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ভানু প্রতাপ লোধি, সালেমা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বীণা দাস, বিভিন্ন দপ্তরের আধিকারিক ও কমলপুর মহকুমার বিভিন্ন ক্লাব ও পূজা কমিটির সদস্যবৃন্দ। মহকুমা শাসক পূজা উদ্যোক্তাদের পূজাতে সামাজিক সচেতনতামূলক ও পরিবেশ রক্ষার উপর সচেতনতামূলক প্রচার করতে অনুরোধ করেন। পূজা মন্ডপ তৈরিতে সতর্কতা অবলম্বনের পাশাপাশি প্রশাসনের নিয়ম মেনে চলারও নির্দেশ দেন তিনি। পূজা চলাকালীন রাত ১০টার পর মাইক ও সাউন্ড বক্স না বাজানোর জন্যও সভায় অনুরোধ জানানো হয়।

*****